তারিখে ১২৯৬ একক কনসেনট্রেট ভুয়া বিনষ্ট দেখিয়ে মোট টাকা ১,১৫,৭১,৮৩২ (এক কোটি পনের লক্ষ একাত্তর হাজার আটশত বত্রিশ টাকা) সরকারী রাজস্ব ফাঁকিতে সহযোগিতা করেছেন মর্মে সুনির্দিষ্ট অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে যা ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা মোতাবেক 'অসদাচরণ' এবং দুর্নীতির সামিল; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে উক্ত বিধি মোতাবেক শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ একান্ত জরুরী এবং তাকে চাকুরীতে রাখা হলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রমে তিনি বিঘ্ন ঘটাতে পারেন এরূপ ধারণা করার যুক্তি সঙ্গত কারণ রয়েছে বিধায় তাঁকে অবিলম্বে সাময়িকভাবে চাকুরী থেকে বরখাস্ত করা আবশ্যক;

সেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, পরিদর্শক, শুল্ক, আবগারী ও মূসক, চট্টগ্রামকে উক্ত বিধিমালার ১১ বিধিমতে অবিলম্বে চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন সময়ে তিনি সরকারী বিধি মোতাবেক খোর-পোষ (Subsistance Allowance) ভাতাদি পাবেন।

এই আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং উহা অনতিবিলম্বে কার্যকর হবে।

ডঃ আকবর আলি খান
সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

### বিচার শাখা-৭

তারিখ: ১৪ই ডিসেম্বর ১৯৯৩/৩০শে অগ্রহায়ণ ১৪০০

বিষয়: নোটারী পাবলিক হিসাবে কার্য্য পরিচালনা করার সার্টিফিকেট নবায়ন প্রসংগে।

নং ৬২৪-বিচার-৭/৭এন-৫/৯০—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৫(২) নং ধারা এবং ১৯৬৪ সালের নোটারী বিধিমালার ৯নং বিধি মোতাবেক জনাব মো: মুস্তাফিজুর রহমানকে সমগ্র ভোলা জেলার নোটারী পাবলিক হিসাবে কার্য্য পরিচালনা করিয়া যাওয়ার জন্য তাহার নোটারী সংক্রান্ত সার্টিফিকেট মেয়াদ ২৫-১২-১৯৯৩ তারিখ হইতে আরো ৩(তিন) বৎসরের জন্য নবায়ন করা হইল।

মো: সাত্তার হোসেন
উপ-সচিব (মেঃ)।

## কৃষি মন্ত্রণালয়

### শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ই এপ্রিল, ১৯৯৪/৫ই বৈশাখ, ১৪০১

নং কৃষি-২/উদ্ভিদ-১/৯২/১৩৩—সর্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, ডেস্ট্রাকটিভ ইনসেক্টস এণ্ড পেস্টস এ্যাকট ১৯১৪ (Destructive Insects and Pests Act, 1914) এর (২নং এর ১৯১৪) ৪ডি ও ৫নং সেকশনে আনীত ক্ষমতাবলে বিভিন্ন সময়ে সংশোধিত এবং বর্তমানে প্রচলিত "ডেস্ট্রাকটিভ ইনসেক্টস এণ্ড পেস্টস রুলস ১৯৬৬ (প্লান্ট কোয়ারেন্টিন) এমেণ্ডেড আপ টু জুলাই/১৯৮৯ ইং [Destructive Insects and Pests rules-1966 (Plant Quarantine) amended up to July '89] মোতাবেক উদ্ভিদ সংগ নিরোধ কার্যক্রমের সংগে জড়িত বিধি ব্যবস্থার যে সমস্ত প্রমাণ পত্র, ছাড়পত্র, ফিউমিগেশন, শোধন প্রক্রিয়া ও পরিদর্শন "ফিস" প্রচলিত আছে তাহা বিশদভাবে পরীক্ষা-নিরীক্ষা করার পর বাংলাদেশ সরকার নিম্নলিখিত হারে উদ্ভিদ সংগ নিরোধ "ফিস" পুনঃ নির্ধারণ করিয়াছেন:

(ক) আমদানী সংক্রান্ত ফিস:

| | পরিমাণ | নির্ধারিত হার |
|---|---|---|
| (১) আমদানী অনুমতিপত্র | | |
| (ক) গাছ, চারা, কাটিং, বাডউড ইত্যাদি | ১০টির উর্দ্ধে প্রতি ১০টি বা তার অংশ বিশেষ | টাঃ ১০·০০ |
| (খ) ফল, মসলা, ডাল, তৈল বীজ, তুলা, দানাদার খাদ্যশস্য ও অন্যান্য উদ্ভিদজাত দ্রব্য। | ১। ১ টন পর্যন্ত | টাঃ ১০·০০ |
| | ২। ১ টনের উর্দ্ধে অতিরিক্ত প্রতিটন বা তার অংশ বিশেষ। | টাঃ ১·০০ |
| (গ) পণ্যের নমুনা | ৫০০ গ্রামের উর্দ্ধে ১০ কেজি পর্যন্ত | টাঃ ১০·০০ |
| ২। আমদানীকৃত দ্রব্যের ছাড়পত্র: | | |
| (ক) গাছ, চারা, কাটিং ও বাডউড | ১। ১০টির উর্দ্ধে প্রতি ১০০টির বা তার অংশ বিশেষ | টাঃ ৩০·০০ |
| | ২। ১০০টির উর্দ্ধে ১০০০টি বা তার অংশ বিশেষ | টাঃ ১০০·০০ |
| | ৩। ১০০০টির উর্দ্ধে | টাঃ ২৫০·০০ |
| (খ) মসলা, ডাল ও তৈল বীজ | ১। ১টন পর্যন্ত | টাঃ ৫০·০০ |
| | ২। ১ টনের উর্দ্ধে অতিরিক্ত প্রতিটন বা তার অংশ বিশেষ | টাঃ ৫·০০ |
| (গ) শাক সব্জী ও ফুলের বীজ | ১। ৫০০ গ্রাম পর্যন্ত | টাঃ ১০·০০ |
| | ২। ১ টন পর্যন্ত | টাঃ ৫০·০০ |
| | ৩। ১ টনের উর্দ্ধে অতিরিক্ত প্রতিটন বা তার অংশ বিশেষ | টাঃ ৩০·০০ |

| | | |
|---|---|---|
| (ঘ) বীজ, আলু বীজ, দানাদার, খাদ্যশস্য, ও অন্যান্য উদ্ভিদজাত দ্রব্য | ১। ৫ কেজি পর্যন্ত | টাঃ প্রযোজ্য নহে |
| | ২। ১ টন পর্যন্ত | টাঃ ২০.০০ |
| | ৩। ১ টনের উর্দ্ধে অতিরিক্ত প্রতিটন বা তার অংশ বিশেষ | টাঃ ১০.০০ |
| (ঙ) তুলা | ১। ১ টন পর্যন্ত | টাঃ ১০.০০ |
| | ২। ১ টনের উর্দ্ধে অতিরিক্ত প্রতিটন বা তার অংশ বিশেষ | টাঃ ৫.০০ |
| (চ) পন্যের নমুনা | ১। ৫০০ গ্রাম পর্যন্ত | টাঃ ১০.০০ |
| | ২। ৫০০ গ্রামের উর্দ্ধে ১০ কেজি পর্যন্ত | টাঃ ২০.০০ |

(খ) রফতানী সংক্রান্ত ফিস ঃ

| ১। উদ্ভিদ স্বাস্থ্য প্রমাণ পত্র | নির্ধারিত হার |
|---|---|
| (ক) সাধারণ উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য | টাঃ ২৫.০০ সার্টিফিকেট প্রতি |
| (খ) পাট বা পাটজাত দ্রব্য (গাঁট হিসাবে প্রস্তুতকৃত) | টাঃ ০.৫০ গাঁট প্রতি সর্বনিম্ন টাকা ৫০.০০ সার্টিফিকেট প্রতি |
| (গ) ট্রাস হিসাবে প্রস্তুতকৃত দ্রব্যাদি | টাঃ ০.২৫ ট্রাস প্রতি সর্বনিম্ন টাকা ২৫.০০ সার্টিফিকেট প্রতি |
| (ঘ) ফল-মূল, শাকসবজী | টাঃ ০.০৫ প্রতি কেজি সর্বনিম্ন টাকা ২০.০০ সার্টিফিকেট প্রতি |

(গ) বিষ বাস্পীয়করন/শোধন ফিস ঃ

| | |
|---|---|
| ১। আমদানীকৃত দ্রব্যের ঃ | |
| (ক) কাঁচা তুলা | টাঃ ১০.০০ গাইট প্রতি, বিষ বাস্পীয়করণ/রাসায়নিক ঔষধের মূল্য+৫০%সার্ভিস চার্জ। |
| (খ) বীজ | ঐ |
| (গ) বীজ ব্যতীত অন্যান্য উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য | ঐ |
| ২। রফতানীযোগ্য দ্রব্যের ঃ | |
| (ক) গাঁইট হিসাবে প্রস্তুত করা দ্রব্যাদি যথা তুলা, পাট ইত্যাদি | টাঃ ৯.০০ গাঁইট প্রতি, |
| (খ) প্রক্রিয়া করণ ফলজাত দ্রব্যাদি | বিষ বাস্পীয়করণ/রাসায়নিক ঔষধের মূল্য+৫০%সার্ভিস চার্জ। |
| (গ) তাজা ফল-মূল বা শাকসব্জী | ঐ |
| (ঘ) বিবিধঃ যেমন ট্রাস হিসাবে প্রস্তুত দ্রব্য বাঁশ, বেত, পাট, হস্ত শিল্প ইত্যাদি। | ঐ |
| (ঙ) ভ্যাকুয়াম ফিউমিগেশন প্লান্টে উদ্ভিদজাত দ্রব্যাদির ফিউমিগেশন ফি। | টাঃ ৪০০.০০ প্রতি লোড। |

উপরোক্ত নির্ধারিত "ফিস" উদ্ভিদ সংরক্ষন পরিদপ্তরের নির্দিষ্ট '৪৫-কৃষি-উদ্ভিদ সংরক্ষণ অপারেশন থেকে প্রাপ্তি" (45-Agriculture Plant Protection operation receipt) খাতে বাংলাদেশ ব্যাংক বা অনুমোদিত অন্য কোন তফসিলি ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হইবে। অবশ্য টাকা জমা দেওয়ার পূর্বে নির্দিষ্ট হেড এবং টাকার অংক সংশ্লিষ্ট অফিস/অফিসার কর্তৃক সত্যায়িত করাইতে হইবে। তবে ক্ষুদ্র ক্ষুদ্র বা জরুরী অবস্থায় "ফিস" রাজস্ব টিকেট নগদে জমা দেওয়া যাইবে।

এই নির্দেশ অনতিবিলম্বে কার্যকরী হইবে এবং এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বা নির্দেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

---

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

শাখা-২

দন্ডাদেশ

তারিখ ঃ ২২শে অগ্রহায়ণ ১৪০০/৬ই ডিসেম্বর ১৯৯৩

নং পিটি/শাখা-২/২এ-৮/৯২-৭১৫—যেহেতু, জনাব খন্দকার আলম আহমেদ, বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের (সহকারী বিভাগীয় প্রকৌশলী), উপ-বিভাগীয় প্রকৌশলী (দেখাশুনা), টেলেক্স (টেক), ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে বিগত ২১-১-৯০ ইং তারিখ হইতে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারী কর্মচারী (বিশেষ ব্যবস্থা) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারামতে পলাতকের অভিযোগ আনয়ন করিয়া মন্ত্রণালয়ের ৮-৯-৯২ ইং তারিখের পিটি/শাখা-২/২এ-/৮/৯২-৩১৬ নম্বর স্মারকের মাধ্যমে রেজিষ্ট্রি ডাকযোগে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;